



বাংলাদেশের সার্বভৌমত্ব ও উন্নয়নে চীনের পূর্ণ সমর্থন: লিউ হাইসিং



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠকে বাংলাদেশের উন্নয়ন, স্থিতিশীলতা ও সার্বভৌমত্বের প্রতি চীনের পূর্ণ সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছেন চীনের কমিউনিস্ট পার্টির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ হাইসিং।

বৃহস্পতিবার (২৫ জুন) বেইজিংয়ের দিয়াওইউতাই রাষ্ট্রীয় অতিথি ভবনে অনুষ্ঠিত সৌজন্য সাক্ষাতে দুই পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্ক ও ভবিষ্যৎ সহযোগিতা নিয়ে আলোচনা করেন। বৈঠকের শুরুতে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করায় তারেক রহমানকে অভিনন্দন জানান লিউ হাইসিং। এ সময় তিনি সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিভিন্ন সময়ে চীন সফরের প্রসঙ্গ তুলে ধরে দুই দেশের দীর্ঘদিনের সম্পর্কের কথা উল্লেখ করেন।

তিনি বিএনপি ও চীনের কমিউনিস্ট পার্টির মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারকের কথা স্মরণ করে দলীয় ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে যোগাযোগ আরও জোরদারের আগ্রহ প্রকাশ করেন। লিউ হাইসিং বলেন, গণমাধ্যম, গবেষণা প্রতিষ্ঠান, জনগণের পারস্পরিক যোগাযোগ এবং উন্নয়ন সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের মধ্যে নতুন সুযোগ সৃষ্টি হতে পারে। এসব খাতে সহযোগিতা বাড়াতে চীন আগ্রহী বলেও জানান তিনি।